

রাজ্যমাটি সদর উপজেলার উপজেলা প্রাথমিক শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির অনুষ্ঠিত সভার কার্য বিবরণী :

সভার তারিখ : ২৮/১০/২০২১ খ্রিঃ
সময় : ১১.০০ টা ।
স্থান : ভাইস চেয়ারম্যান, (পুরুষ) অফিস কক্ষ ।
উপস্থিত : সদস্যবৃন্দ পরিশিষ্ট “ ক ” তে দ্রষ্টব্য ।

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । সভাপতি উপজেলা শিক্ষা অফিসারকে সভার কার্যক্রম সম্পর্কে বক্তব্য উপস্থান করতে বলেন ।

উপজেলা শিক্ষা অফিসার সভার অনুমতিক্রমে বিদ্যালয়ে সার্বিক ব্যবস্থাপনা শিক্ষার গুণগতমান উন্নয়ন ও শিক্ষকদের আইসিটি দক্ষতা বাড়ানোর প্রস্তাব করেন ।

এব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয় । রাজ্যমাটি সদর উপজেলার ৮৯ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১ম পর্যায়ের ১৫ বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষককে আইসিটি প্রশিক্ষণ প্রদানের প্রস্তাব করা হয় ।

সিদ্ধান্ত : উপজেলা শিক্ষা অফিসারের প্রস্তাবের প্রেক্ষিতে রাজ্যমাটি সদর উপজেলার ১ম পর্যায়ের ১৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষককে আইসিটি প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ।

বিবিধ আলোচনায় সভাপতি অত্র উপজেলার প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার পরামর্শ প্রদান করেন । এছাড়াও নিয়মিত বিদ্যালয় পরিদর্শনের মাধ্যমে বিদ্যালয়ে বিদ্যমান সমস্যা চিহ্নিত করে তা সমাধানের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানান । আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন ।


(দুর্গেশ্বর চাকরমা)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও

সভাপতি

উপজেলা প্রাথমিক শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
রাজ্যমাটি সদর ।

তারিখঃ ২৮/১০/২০২১

স্মারকনং- উশিঅ/ স্থায়ী কমিটি/৩৬

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজ্যমাটি সদর ।

২। উপজেলা নিবাহী অফিসার, রাজ্যমাটি সদর ।

(দীপিকা খীসা)

উপজেলা শিক্ষা অফিসার
রাজ্যমাটি সদর ।